বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, লেভেল-৪, ব্লক-বি,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Pani Bhaban, Level-4, Block-B,
72 Green Road, Dhaka-1205.
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫-৩২ তারিখ: ২৪/০৪/২০২৫ খ্রি:

## দপ্তরাদেশ

বাপাউবো হতে নেত্রকোনা জেলার অন্তর্গত মগড়া নদী পুনরুজ্জীবিত, দূষণমুক্ত ও দখলমুক্ত করার উদ্দেশ্যে একটি উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের লক্ষ্যে কারিগরি কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে, পানি সম্পদ মন্ত্রণালয় (পাসম) হতে প্রণয়নকৃত কর্ম-পরিকল্পনার ভিত্তিতে বর্ণিত নদী পুনরুজ্জীবিত করণে নদী পুনঃখনন/প্রতিরক্ষামূলক কাজ এবং দূষণমুক্ত ও দখলমুক্ত করার উদ্দেশ্যে একটি উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণ এবং বহিঃসদস্যের সমন্বয়ে নিম্নবর্ণিত একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | জনাব উম্মে ফাতেমা রোমানা আফরোজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব সজীব চৌধুরী, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ সাহিদুল আলম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | জনাব মোঃ সরওয়ার জাহান, নির্বাহী প্রকৌশলী, নেত্রকোণা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নেত্রকোণা । | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR) :

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরুপন তথা উদ্যোগ গ্রহণ করবেন।

খ) নেত্রকোনা জেলার অন্তর্গত মগড়া নদী পুনরুজ্জীবিত করার জন্য নদী পুনঃখনন/প্রতিরক্ষামূলক কাজ এবং দূষণমুক্ত ও দখলমুক্ত করার লক্ষ্যে পরিবেশ/বন/ভূমি বিষয়ক বিভিন্ন বিধিমালা অনুসরণ এবং পাসম/বাপাউবো হতে অবকাঠামো, বৃক্ষরোপন ও ড্রেজড ম্যাটেরিয়াল/খননকৃত মাটি ব্যবস্থাপনা বিষয়ক জারিকৃত বিভিন্ন আদেশ/নির্দেশনা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবেন।

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব রয়েছে কিনা তা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্য সম্পাদনা এবং প্রস্তাবিত প্রকল্পটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন।

ঘ) গতানুগতিক ধারার পাশাপাশি প্রকৃতি-ভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে প্রস্তাবিত প্রকল্পটির টেকসই ব্যবস্থাপনা, নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার এবং দূষণমুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় মতামত/সুপারিশ প্রদান করবেন।

ঙ) জিআইএস/গুগল-আর্থ/গুগল-আর্থ-ইঞ্জিন বা সমজাতীয় অ্যাপলিকেশন ব্যবহার করে A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকার নদী/খাল সমন্বিত কি কি স্থানে কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করতে হবে। প্রয়োজনে বিগত বছরগুলোর Landsat Satellite এর Multi-band দুর-অনুধাবন ইমেজ ব্যবহার করে নদী/খালসমূহের পরিবর্তনের গতিবিধি পর্যবেক্ষণ এবং উপস্থাপন করা যেতে পারে। এছাড়াও, প্রস্তাবিত প্রকল্প সাইটের Contour এবং Land-used তথ্য-উপাত্ত থাকলে তা উপস্থাপন করবেন।

চ) প্রস্তাবিত প্রকল্প-সংশ্লিষ্ট নদী/খালসমূহের পানি ধারণ ক্ষমতা/নাব্যতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় কার্যক্রম (খনন/পুনঃখনন/ ড্রেজিং, পানি-অবকাঠামো নির্মান/পুনঃনির্মান ইত্যাদি) কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনের মাধ্যমে যৌক্তিকতাসহ সুপারিশ করবেন।

অ.পৃ.দ্র.

ছ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন করবেন এবং ব্যয় প্রাক্কলন ও অনুমোদিত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন।

জ) বিবিধ।

০২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং- চীফ প্লানিং/১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রি. মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী প্রতিবেদন প্রস্তুত করবেন।

০৪। কমিটি পরবর্তী ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

24/04/2025 খ্রি.
(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৫-৩২ তারিখ: ২৪/০৪/২০২৫ খ্রি:

**অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। জনাব উম্মে ফাতেমা রোমানা আফরোজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
৩। জনাব মোঃ আরিফ হোসেন, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ সরওয়ার জাহান, নির্বাহী প্রকৌশলী, নেত্রকোণা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নেত্রকোণা। ইমেইল: xen.netrakona@gmail.com
৫। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। জনাব সজীব চৌধুরী, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৭। জনাব মোঃ সাহিদুল আলম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), অর্থনৈতিক মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৬। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি।

24/04/2025 খ্রি.
(সজল কুমার রায়)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চ. দা.)